# মূল্যায়নের জন্য হাসপাতালে ভর্তি হওয়া

(মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983 এর ধারা 2)

| | |
|---|---|
| 1. রুগীর নাম | |
| 2. যিনি আপনার পরিচর্যার দায়িত্বপ্রাপ্ত (আপনার "রেসপনসিবল ক্লিনিশিয়ান") তার নাম | |
| 3. হাসপাতাল এবং ওয়ার্ডের নাম | |

## আমি হাসপাতালে কেন আছি?

মেন্টাল হেল্থ অ্যাক্ট 1983 এর ধারা 2 এর অধীন আপনাকে এই হাসপাতালে রাখা হয়েছে। দুজন ডাক্তার আপনাকে পরীক্ষা করেছেন এবং তাদের মতে আপনার মানসিক ব্যধি আছে এবং আপনার হাসপাতালে থাকা দরকার যাতে যিনি আপনার পরিচর্যার দায়িত্বে আছেন (আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান) তিনি জানতে পারেন কি গোলমাল হয়েছে এবং কিভাবে আপনাকে সাহায্য করা যায়।

## আমি কতদিন এখানে থাকব?

28 দিন পর্যন্ত আপনাকে এখানে রাখা যায়।

এই সময়ে আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান যতক্ষণ না আপনাকে অনুমতি দেবেন, আপনি এখান থেকে যাবেন না। আপনি যাওয়ার চেষ্টা করলে, কর্মচারীরা আপনাকে বাধা দিতে পারে, এবং যদি আপনি চলে যান, আপনাকে ফেরত নিয়ে আসা যায়।

মেন্টাল হেল্থ অ্যাক্টের ধারা 4 এর অধীন যদি আপনি ইতিমধ্যে হাসপাতালে থাকেন, তাহলে যতদিন যাবৎ হাসপাতালে আছেন তা ঐ 28 দিনের মধ্যে গণ্য হবে।

আপনার ক্ষেত্রে এই 28 দিনের মেয়াদ শেষ হবে ঃ

| |
|---|
| তারিখ ঃ |

## এর পর কি হবে?

যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হয় আপনি হাসপাতাল ছেড়ে যাওয়ার পক্ষে যথেষ্ট সুস্থ তাহলে তিনি আপনাকে জানিয়ে দেবেন। ঐ 28 দিনের মধ্যে যে কোনো সময় তা হতে পারে।

আবার আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ানের মনে হতে পারে যে আপনাকে 28 দিনের বেশী হাসপাতালে রাখা দরকার, সেক্ষেত্রে মেন্টাল হেলথ অ্যাক্টের ধারা 3 এর অধীন আপনাকে হাসপাতালে রাখা যায়। 28 দিন ফুরিয়ে যাওয়ার আগে তাকে এই সিদ্ধান্ত নিতে হবে। তেমন হলে, এর অর্থ কি হবে তা বোঝাতে আপনাকে আরেকটা পত্রিকা দেওয়া হবে।

## আমার কি চিকিৎসা করা হবে?

আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান এবং কর্মীদলের অন্যান্য সদস্যদের আপনার যেমন চিকিৎসা প্রয়োজন মনে হবে সে বিষয়ে আপনার সঙ্গে কথা বলবেন। বেশীর ভাগ ক্ষেত্রে আপনার তাদের পরামর্শ শুনতে হবে।

কয়েকটা বিশেষ চিকিৎসা, যেমন ইলেকট্রো-কনভালসিভ থেরাপির (ECT) জন্য পৃথক নিয়মকানুন আছে। যদি কর্মচারীর মনে হয় যে আপনার এরকম বিশেষ চিকিৎসা প্রয়োজন তাহলে আপনাকে নিয়মগুলি বুঝিয়ে দেওয়া হবে এবং আপনাকে আরেকটি পত্রিকা দেওয়া হবে।

## আমি কি আপীল করতে পারি?

হ্যাঁ, ধারা 2 এর অধীন আপনাকে হাসপাতালে রাখার সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপীল করতে পারেন।

এর জন্য, হাসপাতালের ম্যানেজারদের কাছে আপনি হাসপাতাল থেকে চলে যাওয়ার অনুমতি চাইতে পারেন। যে কোনো সময় আপনি এটা করতে পারেন। হাসপাতালের ভেতর গঠিত এক বিশেষ সমিতি এই হাসপিটাল ম্যানেজার্স (Hospital Managers), লোকেদের হাসপাতালে রাখতে হবে কি না তারা এই সিদ্ধান্ত নেয়। আপনাকে যেতে দেওয়া যায় কি না সেই সিদ্ধান্ত নেওয়ার আগে হয়ত তারা আপনার সঙ্গে কথা বলতে চাইবেন।

আপনি এই ঠিকানায় হসপিটাল ম্যানেজার্সদের চিঠি লিখতে পারেন ঃ

| |
|---|
| |

কিংবা হসপিটাল ম্যানেজার্সের সঙ্গে যোগাযোগ করার জন্য কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলতে পারেন।

এছাড়া আপনার সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয় হসপিটাল ম্যানেজার্সদের কাছে চিঠি লিখে আপনার হাসপাতাল থেকে ছুটির অনুরোধ করতে পারে। এই ঘনিষ্ঠতম আত্মীয় কে তা এই পত্রিকায় পরে সবিস্তারে জানানো হয়েছে। যদি আপনার সবচেয়ে ঘনিষ্ঠ আত্মীয় তা করে তাহলে হসপিটাল ম্যানেজার্স আপনাকে 72 ঘন্টার মধ্যে ছুটি দিতে বাধ্য তবে যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান বলেন যে আপনাকে ছুটি দেওয়া হলে আপনি নিজের বা অন্যদের জন্য বিপজ্জনক হতে পারেন তাহলে আপনাকে ছুটি দেওয়া যাবে না। তেমন হলে এবং এর আরো ছয় মাস পরে ও আপনাকে হাসপাতালে রাখা হলে, আবার আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হসপিটাল ম্যানেজার্সদের কাছে আপনার ছুটির আবেদন করতে পারে।

আপনাকে যে আর হাসপাতালে রাখতে হবে না এ কথা আপনি ট্রাইবিউনালকে (Tribunal) দিয়ে বলাতে পারেন। আপনাকে যে 28 দিন হাসপাতালে রাখা হবে তার প্রথম 14 দিনের মধ্যে আপনাকে এটা করতে হবে।

## ট্রাইবিউনাল কি এবং কি হয়?

ট্রাইবিউনাল এক স্বতন্ত্র সঙ্ঘ, আপনাকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া উচিত কি না তা এই সঙ্ঘ নির্ণয় নিতে পারে। এরা আপনার সঙ্গে এবং হাসপাতালের যেসব কর্মচারী আপনাকে চেনে তাদের সঙ্গে মিটিং করবে। এই মিটিং-কে "হিয়ারিং" অর্থাৎ শুনানি বলা হয়। আপনি চাইলে অন্য কাউকে এই হিয়ারিং-এ আপনাকে সাহায্য করার জন্য আসতে বলতে পারেন। হিয়ারিং-এর আগে ট্রাইবিউনালের সদস্যরা আপনার এবং আপনার পরিচর্যার বিষয়ে হাসপাতালের রিপোর্ট পড়বেন। এছাড়া ট্রাইবিউনালের একজন সদস্য আপনার সঙ্গে দেখা করে আপনার সঙ্গে কথা বলবেন।

আপনি ট্রাইবিউনালের কাছে আবেদন করতে চাইলে এখানে চিঠি লিখতে পারেন ঃ

The Tribunals Service
PO BOX 8793
5th Floor
Leicester
LE1 8BN টেলি ঃ 0845 2232022

আপনি আপনার পক্ষ থেকে ট্রাইবিউনালের কাছে চিঠি লেখা এবং হিয়ারিং-এ সাহায্যের জন্য একজন সলিসিটার (solicitor) অর্থাৎ আইনী অধিবক্তার সহায়তা নিতে পারেন। হাসপাতাল এবং ল সোসাইটির কাছে এ বিষয়ে বিশেষজ্ঞ অধিবক্তাদের তালিকা আছে। এই সলিসিটারের সহায়তার জন্য আপনাকে দাম দিতে হবে না। লিগ্যাল এড স্কিমে (Legal Aid scheme) এটা বিনামূল্যে দেওয়া হয়।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয়কে জানানো

মেন্টাল হেল্‌থ অ্যাক্টের মতে যে আপনার ঘনিষ্ঠতম আত্মীয়, তাকে এই পত্রিকার একটি কপি দেওয়া হবে।

মেন্টাল হেল্‌থ অ্যাক্টে একটি নামের তালিকা আছে যাদের আপনার আত্মীয় হিসাবে গণ্য করা হবে। সাধারণত ঐ তালিকায় যার নাম সবার ওপরে থাকবে সে আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হবে। হাসপাতালের কর্মচারী আপনাকে একটি পত্রিকা দিতে পারে যাতে এর ব্যাখ্যা থাকবে এবং আপনার চিকিৎসা ও পরিচর্যার ব্যাপারে আপনার নিকটতম আত্মীয়র যা যা অধিকার আছে সেসবের উল্লেখ থাকবে।

আপনার কেসে, আমাদের বলা হয়েছে যে আপনার নিকটতম আত্মীয় ঃ

| |
|---|
| |

আপনি যদি এই পত্রিকার একটি কপি তাকে দিতে না চান, তাহলে আপনার নার্স বা কর্মীদলের অন্য কোনো সদস্যকে জানিয়ে দেবেন।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয় বদলানো

যদি আপনার মনে হয় ঐ ব্যক্তি আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হওয়ার উপযুক্ত না, তাহলে তার পরিবর্তে অন্য কাউকে ঘনিষ্ঠতম আত্মীয় হিসাবে গণ্য করার জন্য কাউন্টি কোর্টের (County Court) কাছে আবেদন করতে পারেন। এর ব্যাখ্যাসহ একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আপনার চিঠিপত্র

আপনি হাসপাতালে থাকাকালীন আপনার নামে যেসব চিঠিপত্র পাঠানো হবে সেসব আপনাকে দেওয়া হবে। আপনি যাকে ইচ্ছা চিঠিপত্র পাঠাতে পারেন, তবে যদি কেউ বলে যে সে আপনার চিঠি পেতে চায় না তাকে আপনার লেখা চিঠি পাঠানো হবে না। হাসপাতালের কর্মচারী এদের জন্য লেখা চিঠি আটকে রাখতে পারে।

## আচরণ সংহিতা

মেন্টাল হেল্‌থ অ্যাক্ট এবং মানসিক ব্যাধিগ্রস্ত মানুষের প্রতি ব্যবহারের বিষয়ে একটি আচরণ সংহিতা (Code of Practice) আছে যা হাসপাতালের কর্মীদের পরামর্শ দেয়। আপনার পরিচর্যার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় কোডে কি বলা হয়েছে তা কর্মীদের বিবেচনা করে দেখতে হবে। আপনি চাইলে, কোডের একটা কপি চেয়ে নিতে পারেন।

## আমি কিভাবে নালিশ করব?

হাসপাতালে আপনার যত্ন পরিচর্যার বিষয়ে যদি নালিশ করতে চান, তাহলে কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলুন। তারা হয়ত সমাধান খুঁজে দিতে পারবে। এছাড়া তারা আপনাকে হাসপাতালের নালিশ প্রণালীর বিষয়েও তথ্য জানাতে পারে, আপনি এই প্রণালী ব্যবহার করে স্থানীয় স্তরে মীমাংসা করে আপনার নালিশের সমাধান করে নিতে পারেন। এছাড়া অন্যান্য যারা নালিশ করায় আপনাকে সাহায্য করতে পারে তাদের ব্যাপারেও তারা জানাতে পারে।

যদি আপনার মনে হয় হাসপাতালের নালিশ প্রণালী আপনাকে সাহায্য করতে পারছে না তাহলে আপনি একটি স্বতন্ত্র কমিশনের কাছে আবেদন করতে পারেন। মেন্টাল হেল্‌থ অ্যাক্ট যেভাবে ব্যবহার করা হয় সে ব্যাপারে কমিশন বিশেষ লক্ষ্য রাখে, যাতে তা সঠিকভাবে ব্যবহার করা হয় এবং হাসপাতালে থাকাকালীন রুগীর যথাযথ যত্নপরিচর্যা হয়। কিভাবে এই কমিশনের সঙ্গে যোগাযোগ করা যায় তার ব্যাখ্যাসমেত একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আরো সাহায্য এবং তথ্য

আপনার যত্ন পরিচর্যা এবং চিকিৎসার বিষয়ে যদি আপনি কিছু বুঝতে না পারেন, কর্মীদলের একজন সদস্য আপনাকে সাহায্য করার চেষ্টা করবে। এই পত্রিকার কোনো বিষয় যদি আপনি বুঝতে না পারেন কিংবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রিকায় নেই তাহলে কর্মীদলের সদস্যের কাছ থেকে তা বুঝে নেবেন।

আপনি যদি অন্য কারুর জন্য এই পত্রিকার কপি চান, তাহলে চেয়ে নেবেন।